The Daily Star
Sunday, April 19, 2020
YOUR RIGHT TO KNOW

Home » Business

12:00 AM, April 19, 2020 / LAST MODIFIED: 12:16 AM, April 19, 2020

Govt should join hands with non-state actors in fight against COVID-19

Suggests the Citizen's Platform for SDGs



Star Business Report

The government should team up with the non-governmental organisations in its fight against the raging coronavirus as the non-state actors have an appreciable presence across the country, said the Citizen's Platform for SDGs, Bangladesh yesterday.

"While the NGOs are already doing their best in various areas in the fight against coronavirus, the efforts could be significantly scaled up if the government purposefully utilises them," said the platform, which comprises more than 100 non-state actors and their networks and associates.

The government should use this unused strength properly in this national crisis, said Debapriya Bhattacharya, convenor of the Citizen's Platform for SDGs, Bangladesh, in a virtual media briefing styled "Strengthening Effectiveness of the Non-State Actors' in COVID-19 Response Activities".

According to the platform, the national strategy rolled out by the government to address the deadly bug that has so far 2,144 and killed 84 does not explicitly identify the non-state actors as partners in dealing with this national emergency.

Although some interactions are coming to pass between the district or upazila and these organisations, there needs to be a policy announcement from the highest level, Bhattacharya said.

"We would like to strengthen the hands of the government," said Shaheen Anam, a core group member of the platform and executive director of the Manusher Jonno Foundation.

Two of the platform's partner organisations started working from the first week of January 2020 to soften the blow of the novel, lethal virus, while most of the partners got engaged by the middle of March, soon after the first confirmed cases of COVID-19 were announced.

An initial estimate indicates that the organisations have committed more than Tk 600 crore to implementing short- and mid-term interventions to deal with coronavirus.

It is becoming increasingly obvious that the unfolding pandemic, along with the immediate visible stress, is going to have a far-reaching impact on Bangladesh's economic performance, social cohesion, environmental sustainability and democratic governance, the platform said in a paper presented by Bhattacharya.

"There is a high possibility that, as a result of this unprecedented pandemic, inequalities and discriminations may further heighten in the country."

These trends may accentuate the entrenched vulnerabilities of the citizens left behind, frustrating the progress made by Bangladesh during the first cycle of the implementation of the 2030 Agenda for Sustainable Development.

The protracting shutdown, which began on March 26 and is expected to continue until the end of this month, is creating serious livelihood challenges for income-vulnerable groups.

The so-called lower middle-class people are feeling the pangs of acute economic hardship.

The government needs to work out a targeted cash support infusion strategy to deal with this situation, the platform said.

Due to the total stoppage of transportation, there is a breakdown of the supply chains.

The farmers are the direct victims of this situation, as they are not getting the proper price for their produce, while prices remain high in the markets of the capital.

"The government needs to urgently organise military convoy vehicles to restore the agri-supply chain," Bhattacharya said.

Given the huge amount of public resources being allocated for the marginalised and vulnerable population, it is natural for the government to have the interest to know the level of efficacy of its initiatives, the platform said.

"We are earnestly welcoming all of the stimulus packages. There has to be proper monitoring of the implementation of the stimulus packages but we are not seeing that. So, we doubt whether these assistances would be properly distributed," Anam said.

The coronavirus has unmasked many institutional, social and political weaknesses, said Bhattacharya.

If there were no budget deficit and revenue collection were higher, the government would have been able to give more stimulus.

If there were accountable local government system, rice and wheat theft would not have taken place.

"We are also seeing a lack of coordination in the government. We have to think about the mid-term solutions within the short-term solutions," Bhattacharya added.

Anam also said those who are suspected of getting COVID-19 are also being stigmatised: they are being left unattended and are not being admitted to hospitals.

"We are getting information and news from the field level that returnee migrant workers are being stigmatised."

A common message should be given from the government to save them from stigmatisation, she added.

Rasheda K Choudhury, executive director of the Campaign for Popular Education, also spoke.

ঢাকা টাইমস
www.dhakatimes24.com

কৃষিপণ্য পরিবহনে সেনা সহায়তা চান ড. দেবপ্রিয়

প্রকাশ | ১৮ এপ্রিল ২০২০, ১৩:১২ | আপডেট: ১৮ এপ্রিল ২০২০, ১৫:১৯

নিজস্ব প্রতিবেদক,
ঢাকাটাইমস

ফাইল ছবি

প্রাণঘাতী করোনা কারণে এখন দেশ প্রায় অবরুদ্ধ। গণপরিবহন, রেল যোগাযোগ ও নৌপরিবহন বন্ধ থাকায় কৃষিজাত পণ্য পরিবহন বাধার সম্মুখীন হয়েছে। কৃষকরা তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করতে না পেরে বিপাকে পড়েছেন। এই প্রতিবন্ধকতা দূর করতে সেনাবাহিনীর সহায়তা চেয়েছেন এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

শনিবার ‘করোনা মোকাবিলায় বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানসমূহের তৎপরতার কার্যকারিতা বৃদ্ধিতে সরকারের প্রতি সুপারিশ' শীর্ষক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, সমস্ত পরিবহন ব্যবস্থা এই মুহূর্তে বন্ধ হয়ে যাওয়ার কারণে আমাদের যেই সমস্ত সরবরাহ কাঠামো ছিল মাঠ থেকে ভোক্তার কাছে আসা এবং ভোক্তার থেকে এই চাহিদাটা ঠিকমত মাঠ পর্যায়ে জানানো সেটা এখন ভেঙে গেছে। এ কারণে মাঠ পর্যায়ে উৎপাদকরা বিশেষ করে কৃষিক্ষেত্রে যারা রয়েছে তারা খুবই সমস্যার মধ্যে রয়েছেন। আমাদের কৃষি উদ্যোক্তারা যারা আছেন তাদের আর্থিক সক্ষমতা ক্রমান্বয়ে ভেঙে পড়েছে এবং তারাও এক ধরনের ঋণের জালে আটকে পড়েছেন।

'আমাদের প্রস্তাব হলো সরকারের পক্ষ থেকে খুব দ্রুততার সঙ্গে মাঠ পর্যায়ে এই কৃষি উদ্যোক্তার কাছ থেকে ফসল শহরে আনা। বিশেষ করে ঢাকায় নিয়ে আসার জন্য একটি পরিবহন চ্যানেল ব্যবস্থা করা দরকার। সেটা সব ধরনের নিয়মনীতি মেনে চলবে। সম্ভব হলে সেনাবাহিনীকে ব্যবহার করে এগুলিকে প্রত্যন্ত অঞ্চল থেকে ঢাকায় সরবরাহের জন্য আমরা প্রস্তাব করছি।'

সেনাবাহিনীর মাধ্যমে কৃষি পণ্য পরিবহনের বিষয়ে করা প্রশ্নের জবাবে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, আমাদের মাঠ পর্যায় থেকে তথ্য আসছে। কৃষকের ফসল মাঠে নষ্ট হয়ে যাচ্ছে। তারা এটা পাঠাতে পারছে না। যেহেতু প্রচলিত বাণিজ্যিক কাঠামো , সরবরাহ কাঠামো ভেঙে পড়েছে। সেজন্য বিশেষ ব্যবস্থায় পণ্যের সরবরাহ চেইন চালু করার কথা বলেছি। সেটা সামরিক ব্যবস্থাপনায় করার ক্ষেত্রে সুবিধা সরকারের আছে বলে আমরা মনে করি। সরকারি ব্যবস্থাপনায় এটা হতে পারে। সেই জন্য স্থানীয় পর্যায়ে আর্থিক ব্যবস্থাপনারও একটা সমন্বয় লাগবে এট করা খুবই গুরুত্বপূর্ণ।

কৃষক পণ্য বিক্রি করতে না পারলে বিপর্যয়ে পড়বে মন্তব্য করে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'সরবরাহ ব্যবস্থা ভাল না হলে কৃষকদের একটা বড় ধরনের বিপর্যয় হয়ে যাচ্ছে । এটা চোখের সামনে আমরা দেখতে পাচ্ছি। গণমাধ্যমের বিভিন্ন রিপোর্টেও সেটা এসেছে। করোনা আমাদের বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানিক, সামাজিক, রাজনৈতিক দুর্বলাতা অত্যন্ত প্রকটভাবে দেখিয়ে দিয়েছে। তাই আমাদের মধ্যমেয়াদি সমাধানের চিন্তা এই স্বল্পমেয়াদি সমাধানের মধ্যে থেকেই খুঁজে বের করতে হবে।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কৃষক ফসল ফলাচ্ছে সেগুলো যেন পঁচে না যায়। বিশেষ করে টমেটো, শশা বিভিন্ন রকমের সবজি এ ব্যাপারে লক্ষ্য রাখতে হবে।

ব্রিফিংয়ে নিজ নিজ বাসা থেকে সংযুক্ত হন এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের কোর গ্রুপের সদস্য মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সিপিডির সম্মানীয় ফেলো অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ।

(ঢাকাটাইমস/১৮এপ্রিল/জেআর/এমআর)

৪৪, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন: ০২-৪৮৩১৪৯০১, ০২-৪৮৩১৮৮৬৭
ফ্যাক্স : +৮৮-০২-৪৮৩১৮০৪৩
ই-মেইল: editor@dhakatimes24.com, info@dhakatimes24.com
নিউজের জন্য: dhakatimes24@yahoo.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০১২ - ২০২০ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার সম্পূর্ণ বেআইনি এবং শাস্তিযোগ্য অপরাধ

আমাদের নতুন সময়
Date:19-04-2020 Page 08, Col 1-4 Size:08 Col*Inc

[১]ত্রাণের স্বচ্ছতা নিশ্চিত করতে জাতীয় ঐক্য জরুরি, না হলে ত্রাণ লুটপাট বন্ধ করা যাবে না: ড. দেবপ্রিয়

বিশ্বজিৎ দত্ত : [২] এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের আহ্বায় ড. দেবপ্রিয় ভট্টাচার্য গতকাল শনিবার এক অনলাইন সংবাদ সম্মেলনে আরও বলেন, বাংলাদেশ সামাজিক ক্ষেত্রে যেসব অগ্রগতি অর্জন করেছিল তা কমে যাবে। [৩] দেশে যুবকদের মাদক গ্রহণ বাড়বে, বাল্যবিবাহ বাড়বে, স্কুল যাওয়া শিশুদের হার কমে যাবে, নারীর গর্ভধারণ বাড়বে। এবং যারা গত ১০ বছরে দারিদ্রসীমা থেকে বের হওয়ার পথে ছিলেন তারা দরিদ্র হয়ে যাবে। [৪] তিনি বলেন, করোনায় সরকার বেসরকারি উন্নয়ন কর্মিদের সম্পৃক্ত করছে না। তাদের জাতীয় উদ্যোগের সঙ্গে সম্পৃক্ত করতে হবে। এরজন্য একটি নীতিমালা প্রণয়ন করতে হবে।



[৫] মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তদের জন্যও ক্যাশ বরাদ্দ দিতে হবে। এরজন্য প্রয়োজন হবে জিডিপির ১ শতাংশ বরাদ্দ। প্রতি ২ মাস অন্তর প্রতি মধ্যবিত্তকে ৭ হাজার টাকা করে সহায়তা দেয়া দরকার।
[৭] কৃষিফসল পরিবহনে একটি ন্যাশাল ট্রান্সপোর্ট কনভয় তৈরি করার কথা বলেন। যাতে কৃষকরাও ন্যায্য মূল্য পান আবার স্বাস্থ্য বিধিও রক্ষা হয়। এর দায়িত্ব সেনাবাহিনীকে দিতে সুপারিশ করেন তিনি।
সম্পাদনা : রাশিদ, ইকবাল খান

আমাদের অর্থনীতি

Date:19-04-2020 Page 01, Col 1-3 Size:06 Col*In

[১] করোনা মোকাবেলায় সরকার ও সব বেসরকারি উদ্যোগের সমন্বয়ে একটি ‘জাতীয় কাঠামো’ গড়ে তুলতে ড. দেবপ্রিয়’র আহ্বান

সোহেল রহমান : [২] ‘এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম’-এর আহবায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, করোনা মোকাবেলায় সরকার যে নীতি কাঠামো ও যেসব প্রণোদনা ঘোষণা করেছে– এর মধ্যে বেসরকারি উন্নয়ন সংস্থা, ব্যক্তিখাত, সামাজিক আন্দোলন এবং সরকার বহির্ভূত যেসব প্রতিষ্ঠান রয়েছে, তাদের প্রত্যক্ষ ভূমিকা রাখার মতো কোনো কাঠামো নেই। সরকারের নীতি কাঠামোর মধ্যে এদের সংযুক্ত করা প্রয়োজন।

[৩] এর ফলে সরকারের নেয়া পদক্ষেপ আরও জোরদার হবে। এ লক্ষ্যে সরকারের সর্বোচ্চ পর্যায় থেকে একটি নির্দেশনা আমরা আশা করছি। [৪] তিনি বলেন, সরকার প্রচুর মানুষের কাছে পৌঁছানোর চেষ্টা করছে। তারপরও বেশ কিছু মানুষ এই সুবিধার বাইরে রয়ে গেছেন, যাতে অপর্যাপ্ত সাহায্যের একটি বৃত্ত তৈরি হয়েছে।

[৫] সরকারি সহায়তা দেয়ার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র চাওয়া হচ্ছে। ভাসমান মানুষদের জাতীয় পরিচয়পত্র নেই। ফলে তারা সরকারি সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে।

[৬] যাদের কাছে ত্রাণ পৌঁছায়নি, তাদের তালিকা করার ক্ষেত্রে আমাদের সহযোগী প্রতিষ্ঠান কাজ করতে পারে।

[৭] তিনি আরও বলেন, সরকার মানুষের কাছে অর্থ পৌঁছে দেয়ার ক্ষেত্রে মোবাইল ব্যাংকিং ব্যবহার করতে চাচ্ছে। এ ক্ষেত্রে তৃণমূলে যেসব প্রতিষ্ঠান আছে, তারা এই আর্থিক লেনদেনের ডিজিটাল সহযোগিতা করতে পারে। সম্পাদনা : ভিক্টর রোজারিও

বণিক বার্তা
Date:19-04-2020 Page:02 Col: 4-5 Size:14 Col*Inc

কভিড-১৯ মোকাবেলার বিষয়ে বক্তারা

বেসরকারি উন্নয়ন খাতের সমন্বয়ের জন্য জাতীয় কাঠামো দরকার

নিজস্ব প্রতিবেদক ■

নভেল করোনাভাইরাসের কারণে সৃষ্ট বৈশ্বিক মহামারী মোকাবেলায় সরকারের পাশাপাশি বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানগুলো দেশজুড়ে প্রান্তিক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সহযোগিতার জন্য কাজ করছে। সচেতনতা বৃদ্ধি, খাদ্য ও কৃষি সহায়তা, স্বাস্থ্যসেবা, নগদ সহায়তা, নিরাপদ পানি সরবরাহ ও পরিচ্ছন্নতা রক্ষা এবং ত্রাণ কার্যক্রম পরিচালনা করছে এসব প্রতিষ্ঠান। তবে বেসরকারি খাতের এসব অবদানের ধারাবাহিকতা রক্ষা এবং সমন্বয় সাধনের জন্য একটি জাতীয় কাঠামো প্রণয়ন করা প্রয়োজন বলে মনে করছেন বিশ্লেষকরা। গতকাল এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশের আয়োজনে 'কভিড-১৯ মোকাবেলায় বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানগুলোর তৎপরতার কার্যকারিতা বৃদ্ধিতে সরকারের প্রতি সুপারিশ' শীর্ষক এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এমনটি জানানো হয়।

সংবাদ সম্মেলনে বাংলাদেশে কভিড-১৯ মহামারী মোকাবেলায় বেসরকারি উন্নয়ন সংস্থার অবদান, চ্যালেঞ্জ এবং করণীয় নির্ধারণে সরকারের প্রতি সুপারিশসংবলিত একটি প্রতিবেদন উপস্থাপন করেন প্লাটফর্মের আহ্বায়ক ও সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সুপারিশমালাটি এসডিজি প্লাটফর্মের সহযোগী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে আলোচনা, পরামর্শ ও জরিপের মাধ্যমে প্রণয়ন করা হয়েছে।

ড. দেবপ্রিয় উল্লেখ করেন, মহামারীর ফলে সৃষ্ট লকডাউন পরিস্থিতিতে দেশের দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠী অর্থনৈতিক ঝুঁকির মধ্যে পড়েছে। কর্মহীনতা-আয়হীনতার কারণে খাদ্যাভাব ও পুষ্টিহীনতা বাড়ছে। লকডাউন পরিস্থিতি দীর্ঘায়িত হলে এ জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত সহযোগিতা নিশ্চিতকরণে সরকারকে এখন থেকেই ব্যবস্থা গ্রহণ করতে হবে। দেশব্যাপী খাদ্যসংকট সৃষ্টির হাত থেকে বাঁচতে হলে সার্বিক খাদ্য ও কৃষিপণ্য পরিবহন ও সরবরাহ ব্যবস্থা জোরদার করতে হবে। সরকারিভাবে কৃষকের কাছ থেকে সরাসরি পণ্য ক্রয় ও পরিবহনের ক্ষেত্রে সেনাবাহিনীর মাধ্যমে একটি সমন্বিত পরিবহন ব্যবস্থা গঠন করা যেতে পারে। এতে কৃষকও উপকৃত হবেন এবং ভোক্তা পর্যায়ে খাদ্যমূল্য নিয়ন্ত্রণে থাকবে বলে আশা করা যায়।

ড. দেবপ্রিয় আরো বলেন, বর্তমান পরিস্থিতিতে দেশের যুব সমাজকে মাদকাসক্ত ও জঙ্গিবাদের হাত থেকে রক্ষা করতে প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক থাকতে হবে। লকডাউনের ফলে দেশের বিভিন্ন স্থানে নারী নির্যাতন ও পারিবারিক সহিংসতা বাড়ছে। এসব সমস্যা রোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বিশেষ ভূমিকা গ্রহণ করা প্রয়োজন। দীর্ঘ সময় শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন থাকার ফলে শিক্ষার্থীদের ঝরে পড়ার হার বাড়তে পারে। বিশেষ করে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ঝরে পড়া ও বাল্যবিবাহ রোধে গণমাধ্যম ও প্রযুক্তির ব্যবহার করে সচেতনতামূলক প্রচারণা কার্যক্রমের মাধ্যমে এসব চ্যালেঞ্জ মোকাবেলায় পদক্ষেপ গ্রহণ করা জরুরি।

সংবাদ সম্মেলনে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্লাটফর্ম, বাংলাদেশের কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, সিপিডির সম্মানীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান এবং নাগরিক প্লাটফর্মের সমন্বয়ক আনিসাতুল ফাতেমা ইউসুফ উপস্থিত ছিলেন। তারা সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং পর্যবেক্ষণ তুলে ধরেন।

Dhaka Tribune
Date:19-04-2020 Page:05, Col:1-4 Size:28 Col*Inc

'Fast measures to restore supply chain of agro produce vital'

Citizen's Platform for SDGs, Bangladesh calls for ensuring secure convoys of vehicles to move farm output

Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

Ibrahim Hossain Ovi

With food supply remaining as a major concern in Bangladesh, which has gone into a lockdown to stem the spread of the coronavirus, Citizen's Platform for SDGs (Sustainable Development Goals), Bangladesh, yesterday urged the government to take prompt measures to organize secured convoy of vehicles to restore supply chain of agricultural produces.

During an online media briefing, it also urged the government to include non-state actors, NGOs (non-government organizations) and their network across the country to implement the government's policy support and bailout packages effectively.

The briefing was titled "Strengthening Effectiveness of the Non-State Actors' in Covid-19 Response Activities."

According to reports coming in from different parts of Bangladesh, farmers are counting losses due to low prices of their produce, especially seasonal vegetables, amid the lockdown which began from March 26.

"The supply chain has totally broken down due to the suspension of transportation. Farmers, especially in the North, are the ones hit hardest. They are not getting a fair price for their produce that is perishing while prices remain high in the kitchen markets at the capital," said Debapriya Bhattacharya, convenor of the platform.

Citizen's Platform for SDGs, Bangladesh, works to contribute to the delivery of the SDGs and enhance accountability in its implementation process.

The briefing was aimed at presenting the platform's recommendations in the battle against the Covid-19 pandemic.

Suspended transportation amid the lockdown has left the financial viability of agricultural enterprises in tatters, pushing them into indebtedness and poverty, said Debapriya, calling for urgent measures to ensure the supply of farm outputs.

The government has undertaken lots of policy mechanisms and announced bailout packages to combat the economic fallout of the coronavirus, but there's a strong need for integrating the non-state actors for effective and transparent implementation of those measures, according to the distinguished fellow of the think tank, Centre for Policy Dialogue (CPD).

The platform underscored the need for the formation of a national mechanism for effective implementation of government initiatives in collaboration with non-state actors.

Working with the NGOs, which have a vast network within the identified groups, will help the government in reaching out to these groups appropriately.

The government will largely benefit from collaborating with non-state actors conducting awareness campaigns on health and government-announced incentives, listing underserved people, distributing aid to households, and channeling cash assistance to vulnerable families.

The paramount priority now is saving lives and science tells us that the most effective tool now is social distancing, the platform said, before adding there is no scope for underestimating the importance of protective social distancing, including quarantine, isolation, and lockdown.

It identified safeguarding private sector jobs as critical in the face of the economic slowdown. It says the lack of data on MSMEs will create complexities and that ensuring their access to the stimulus packages announced to cushion the coronavirus impact is vital. ●

যায়যায়দিন
Date:19-04-2020 Page:01 Col:6-7 Size:11 Col*Inc

বর্তমানে বাজেট তৈরির পরিস্থিতি নেই: দেবপ্রিয়

যাযাদি রিপোর্ট

করোনাভাইরাসের প্রকোপের ফলে দেশে যে ধরনের দুর্যোগ পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে বর্তমানে জাতীয় বাজেট তৈরি করার মতো পরিস্থিতি নেই বলে মন্তব্য করেছেন এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম'র আহ্বায়ক এবং সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য

শনিবার কোভিড-১৯ মোকাবিলায় বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠানসমূহের তৎপরতার কার্যকারিতা বৃদ্ধিতে সরকারের প্রতি সুপারিশ শীর্ষক এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

মহামারি করোনাভাইরাসের প্রাদুর্ভাব রোধে দেশের বেশকিছু স্থানে লকডাউন ঘোষণা করা হয়েছে। সরকারি-বেসরকারি সব ধরনের অফিস আদালত বন্ধ করে সবাইকে বাসায় থাকতে বলা হচ্ছে। এ পরিস্থিতিতে আগামী ২০২০-২১ অর্থবছরের বাজেট ঘোষণা পিছিয়ে যেতে পারে বলে বিভিন্ন মাধ্যম থেকে শোনা যাচ্ছে।

এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে দেবপ্রিয় বলেন, পৃষ্ঠা ২ কলাম ৫

বাজেট তৈরির

(প্রথম পৃষ্ঠার পর)

এই মুহূর্তে যে দুর্যোগ পরিস্থিতি চলছে, এই পরিস্থিতিতে আমাদের সমস্ত মনোযোগ থাকা উচিত পরিস্থিতি মোকাবেলার। এখন যে পরিস্থিতি আছে তাতে বাজেট তৈরির মতো পরিস্থিতি আছে বলে মনে হয় না।

তিনি বলেন, বাজেট বলতে শুধু ব্যয়ের কথা না, আয়ের কথাও চিন্তা করতে হবে। বাজেট নিয়ে স্থিতিশীল চিন্তা করার মতো পরিস্থিতি এই মুহূর্তে নেই। পরিস্থিতি স্বাভাবিক হলে তারপর বাজেট নিয়ে চিন্তা করা যেতে পারে।

জানা গেছে, বাজেট আইন বা অর্থবিল অনুযায়ী দেশে অর্থবছর শুরু হয় জুলাই মাসে আর শেষ হয় জুন মাসে। সে অনুযায়ী প্রতি বছর জুনের প্রথম সপ্তাহে জাতীয় সংসদে বাজেট উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেটের উপর দীর্ঘ আলোচনার পর সেটা পাস করা হয় জুন মাসের একেবারে শেষের দিকে। সে বাজেট কার্যকর হয় জুলাইয়ের প্রথম দিন হতে। এ বছর করোনাভাইরাসের কারণে বর্তমানে সারাদেশে সরকারি ছুটি চলছে। করোনা পরিস্থিতির উন্নতি না হলে এই ছুটি আরও বাড়তে পারে। এজন্য বাজেট প্রণয়নের প্রস্তুতি বাধার মুখে পড়েছে।

সাধারণ ছুটির মধ্যে সবধরনের প্রাক-বাজেট আলোচনাও বন্ধ রয়েছে। শুধুমাত্র ই-নথির মাধ্যমে অনলাইনে অতি জরুরি কিছু কাজ করছেন অর্থবিভাগের কর্মকর্তারা।

সাধারণত বাজেট প্রণয়নে মার্চ মাস থেকে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং অর্থ মন্ত্রণালয় বিভিন্ন অংশীজনদের সাথে প্রাক-বাজেট আলোচনা করে থাকে। কিন্তু করোনাভাইরাসের মহামারিতে অনিশ্চয়তায় পড়েছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) আগামী ২০২০-২১ অর্থবছরের প্রাক-বাজেট আলোচনাও।

কালের কণ্ঠ
Date:19-04-2020 Page:04 Col:1-3 Size:19.5 Col*Inc

নাগরিক প্ল্যাটফর্মে ড. দেবপ্রিয় ভট্টাচার্য

সরকারি সহায়তা সবার কাছে যাচ্ছে না

নিজস্ব প্রতিবেদক ▷

সরকার তাদের সাধ্যমতো মানুষের কাছে সাহায্য পৌঁছানোর চেষ্টা করলেও বেশ কিছু মানুষ সহায়তার বাইরে থেকে যাচ্ছে। বিশেষ করে ভাসমান মানুষ সরকারি ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে। এ অবস্থায় বণ্টন ব্যবস্থায় বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোকে (এনজিও) সংযুক্ত করতে হবে। এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের আয়োজিত ভার্চুয়াল ব্রিফিংয়ে সংগঠনটির আহ্বায়ক ড. দেবপ্রিয় ভট্টাচার্য এসব কথা বলেন।

তাঁর মতে, অর্থনীতিতে অশনিসংকেত দেখা যাচ্ছে। কারণ দেশে যেসব বৈষম্য ও বঞ্চনা আছে তা করোনাভাইরাসের প্রকোপে আরো বেশি গুরুতর আকার ধারণ করবে। বিশেষ করে বেকারত্ব বাড়ছে। এটি ব্যক্তি খাতের জন্য বড় সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। ঋণের মাধ্যমে ব্যক্তি খাতের শ্রমিকদের বেতন দেওয়া কোনো সমাধান নয়। কারণ প্রতিষ্ঠান আয় করতে না পারলে শুধু ঋণের দায়িত্ব নেওয়া কঠিন। এ ছাড়া লকডাউনে যুবসমাজের মাদক ও জঙ্গিবাদে আকৃষ্ট হওয়া রোধে পদক্ষেপ নেওয়া উচিত বলে মনে করছেন তিনি।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে. চৌধুরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহিন আনাম এবং বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির বিশেষ ফেলো ড. মোস্তাফিজুর রহমান।

ড. দেবপ্রিয় বলেন, এই মুহূর্তে লকডাউন বা সামাজিক দূরত্ব মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ। বিজ্ঞান বলে এর থেকে ভালো কোনো প্রতিষেধক এই মুহূর্তে নেই। সুতরাং সরকারের যেসব নির্দেশনা আছে, যেমন জমায়েত না হওয়া, সামাজিক দূরত্ব বজায় রাখা, কোয়ারেন্টিনে থাকা এবং চলাচল না করা—এগুলোকে আমাদের অবশ্যই মেনে চলতে হবে। তবে দেশে যেসব বৈষম্য ও বঞ্চনা আছে তা করোনাভাইরাসের প্রকোপে আরো বেশি গুরুতর আকার নেবে।

তিনি বলেন, লকডাউনের ফলে যুবসমাজের মধ্যে বিভিন্ন সমস্যার আশঙ্কা রয়েছে। এর মধ্যে একটি



- কম্পানির আয় না হলে ঋণ করে শ্রমিকের বেতন সমাধান নয়
- বণ্টন ব্যবস্থায় বেসরকারি খাতকে যুক্ত করার সুপারিশ

সমস্যা হলো মাদক সেবন বৃদ্ধি পাওয়ার আশঙ্কা। আরো আশঙ্কা রয়েছে বিভিন্নভাবে জঙ্গি মতবাদে আকৃষ্ট হওয়ার। এখান থেকে উত্তরণে সরকারের পক্ষে এখনই বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠান সামাজিক পর্যায়ে কাজ করে তাদের সঙ্গে যৌথভাবে উদ্যোগ নেওয়া প্রয়োজন।

অর্থনীতিতে বেশ কিছু অশনিসংকেত দেখা যাচ্ছে এমন মন্তব্য করে দেবপ্রিয় বলেন, 'যাঁরা স্বাস্থ্যসেবা দিচ্ছেন আমরা তাঁদের সুরক্ষার কথা বলি। কিন্তু সেই সুরক্ষার কথা আমরা যতটা চিকিৎসকদের জন্য বলি, ততখানি যারা প্যারামেডিক্যাল আছেন, যাঁরা নার্স আছেন তাঁদের জন্য বলি না। আমরা মনে করি সেবা দেওয়ার ক্ষেত্রে চিকিৎসকদের সঙ্গে যাঁরা সহযোগী হিসেবে আছেন, তাঁদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি আরো গুরুত্ব সহকারে দেখা উচিত। না হলে এখানে বড় ধরনের বিপর্যয়ের আশঙ্কা রয়েছে।'

প্রথম আলো
Date:19-04-2020 Page:03 Col:2-3 Size: 12 col*inc

বেসরকারি সংস্থাগুলোর অভিজ্ঞতা কাজে লাগান

সংবাদ সম্মেলনে অভিমত

এসডিজি বাস্তবায়নে গঠিত নাগরিক প্ল্যাটফর্মের নেতারা বলছেন, সরকারের একার পক্ষে করোনা মোকাবিলা অসম্ভব।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেবপ্রিয় ভট্টাচার্য

করোনার কারণে দেশের খেটে খাওয়া মানুষের যে পরিস্থিতি তৈরি হয়েছে, তা মোকাবিলায় জাতীয় ঐক্য দরকার। এ জন্য দরকার বেসরকারি সংস্থাগুলোর মাঠপর্যায়ের অভিজ্ঞতা কাজে লাগানো। এমন পরামর্শ দিয়েছে বেসরকারি সংস্থা ও নাগরিক সংগঠনগুলোর জোট 'এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম বাংলাদেশ'। প্ল্যাটফর্মটি সরকারি উদ্যোগের সঙ্গে বঞ্চিত জনগোষ্ঠীর সংযোগ ঘটিয়ে দেওয়ার কাজ করছে। এর সঙ্গে ১০০টি সংস্থা জড়িত।

প্ল্যাটফর্মটির পক্ষে গতকাল শনিবার আয়োজিত ভার্চ্যুয়াল সংবাদ সম্মেলনে এ পরামর্শ দেওয়া হয়। এতে মূল বক্তব্য দেন প্ল্যাটফর্মের আহ্বায়ক সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। আলোচনায় অংশ নেন সিপিডির আরেক বিশেষ ফেলো মোস্তাফিজুর রহমান, গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধূরী, মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম প্রমুখ। অনুষ্ঠানে জানানো হয়, নাগরিক প্ল্যাটফর্মের ৪০টি সহযোগী সংস্থা স্বল্প ও দীর্ঘ মেয়াদে করোনা মোকাবিলায় ৬০০ কোটি টাকা দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছে।

মূল বক্তব্যে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, সরকার প্রণোদনা ঘোষণা করলেও অনেক ক্ষেত্রে তা কাজে আসছে না। কারণ, সব ধরনের পরিবহন বন্ধ থাকায় পণ্য সরবরাহে বিঘ্ন ঘটছে। এ অবস্থায় সেনাবাহিনীকে কাজে লাগিয়ে হলেও গ্রাম থেকে কৃষিপণ্য শহরে আনার ব্যবস্থা করতে হবে। আর ব্যক্তি খাতে খাতওয়ারি বিভিন্ন সংগঠন ও চেম্বারের মাধ্যমে ক্ষতিগ্রস্তদের তালিকা করা দরকার।

স্বাস্থ্যসেবা খাতে অশনিসংকেতের কথা তুলে ধরে প্ল্যাটফর্মের পক্ষ থেকে বলা হয়, শুধু চিকিৎসকদের নিরাপত্তার কথা বলা হচ্ছে। নার্স, চিকিৎসকের সহকারী, টেকনিশিয়ান, এমনকি পরিচ্ছন্নতাকর্মী যাঁরা রয়েছেন, তাঁদের সুরক্ষার বিষয়েও সমান গুরুত্ব দিতে হবে।

এসডিজি বাস্তবায়নে একটি ট্রাস্ট ফান্ড গঠনের পরামর্শ দেন দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি মনে করেন, এই ফান্ডের জন্য বৈদেশিক সাহায্য আনা সম্ভব হবে।

প্ল্যাটফর্মের পক্ষ থেকে বলা হয়, তিনটি করণীয় আছে এখন। প্রথমত, তৃণমূল পর্যায়ে যাঁরা কাজ করেছেন, তাঁদের অভিজ্ঞতাকে এক জায়গায় নিয়ে আসা। দ্বিতীয়ত, ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করা এবং তৃতীয়ত, সরকারি সহযোগিতা ঠিকমতো ঠিক জায়গায় পৌঁছাচ্ছে কি না, তা যাচাইয়ে জবাবদিহিমূলক কাঠামো গঠনের উদ্যোগ নেওয়া।

রাশেদা কে চৌধূরী বলেন, পরিচ্ছন্নতাকর্মীদের কথা ভুলে গেলে চলবে না। চা-শ্রমিক, চরাঞ্চল ও হাওরাঞ্চলে সরকারি ত্রাণ কার্যক্রম বলতে গেলে যায়নি।

মোস্তাফিজুর রহমান বলেন, সরাসরি আর্থিক সহায়তা অনেক দেশই দিচ্ছে। ১ কোটি ৭০ লাখ মানুষকে ৮ হাজার টাকা করে দিলে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ১ শতাংশ ব্যয় হবে।

শাহীন আনাম বলেন, অনাবাসী শ্রমিকদের একঘরে করে ফেলা হচ্ছে, বাড়িওয়ালারা চিকিৎসক-নার্সদের বের করে দিতে চাচ্ছেন, নারীর প্রতি সহিংসতা বাড়ছে— এগুলোর জন্য সরকারের শীর্ষ পর্যায় থেকে বার্তা থাকা উচিত।

সমকাল
Date:19-04-2020 Page:03 Col:1-4 Size:31 Col*Inch

সরকারকে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম

এনজিও সহায়তা নিন

■ সমকাল প্রতিবেদক

করোনাভাইরাসের প্রভাব মোকাবিলায় চলমান সরকারি ত্রাণ কার্যক্রমের কার্যকারিতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিত করতে বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোকে (এনজিও) যুক্ত করা প্রয়োজন। এর মাধ্যমেই প্রান্তিক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সঠিকভাবে সহযোগিতার আওতায় আনা সম্ভব হবে। সরকারের কাছে এ সুপারিশ করেছে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ।

বেসরকারি উন্নয়ন সংস্থা, গবেষণা সংস্থা এবং বেসরকারি অন্যান্য সংস্থার এ প্ল্যাটফর্ম মনে করে, মহামারির ফলে দেশের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন কার্যক্রমে স্থবিরতা নেমে এসেছে। এসডিজি বাস্তবায়নের গতি অব্যাহত রাখতে সরকার একটি এসডিজি ট্রাস্ট ফান্ড গঠন করতে পারে। চলমান অর্থনৈতিক স্থবিরতার কারণে যেসব বেসরকারি উন্নয়ন সংস্থা ঝুঁকির মুখে পড়বে, তারা এ ট্রাস্ট ফান্ডের মাধ্যমে তাদের কার্যক্রম অব্যাহত রাখতে পারবে।

শনিবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এসব সুপারিশ তুলে ধরেন প্ল্যাটফর্মের আহ্বায়ক ও সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সংবাদ সম্মেলনে বাংলাদেশে কভিড-১৯-এর মহামারি মোকাবিলায় বেসরকারি উন্নয়ন সংস্থার অবদান, চ্যালেঞ্জ এবং করণীয় নির্ধারণে সরকারের প্রতি সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন উপস্থাপন করেন তিনি। এ সুপারিশমালা এসডিজি প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে আলোচনা, পরামর্শ ও জরিপের মাধ্যমে প্রণয়ন করা হয়েছে।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য

রাশেদা কে. চৌধুরী

শাহীন আনাম

মোস্তাফিজুর রহমান

সংবাদ সম্মেলনে গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্মের কোর গ্রুপ সদস্য ও মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম, সিপিডির সম্মাননীয় ফেলো অধ্যাপক মোস্তাফিজুর রহমান এবং নাগরিক প্ল্যাটফর্মের সমন্বয়ক আনিসাতুল ফাতেমা ইউসুফ উপস্থিত ছিলেন। তারা সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং পর্যবেক্ষণ তুলে ধরেন।

করোনা পরিস্থিতি মোকাবিলায় সরকারের প্রচেষ্টাকে কীভাবে আরও কার্যকর ও সংহত করা যায় সে জন্য মাঠ পর্যায়ের অভিজ্ঞতা তুলে ধরতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, করোনাভাইরাসজনিত এ মহামারি অভাবনীয়, যা গরিব মানুষকে বেশি আঘাত করছে। এর প্রাদুর্ভাব কমে এলে যখন দরিদ্র মানুষ আবার স্বাভাবিক কাজে ফিরবে, তখন তারা যাতে আরও বেশি অভাবগ্রস্ততা, ঋণগ্রস্ততা বা বৈষম্যের শিকার না হন, সেদিকে খেয়াল রাখতে হবে। এজন্য সামাজিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। সামাজিক অন্য সব শক্তিকে একত্রিত করে জাতীয় ঐক্যের মাধ্যমে এ সংকটকে মোকাবিলা করতে হবে। বেসরকারি সংস্থাগুলোকে কীভাবে সম্পৃক্ত করা হবে তার জন্য একটি জাতীয় কাঠামো তৈরি করতে হবে।

তিনি বলেন, এ মহামারি মোকাবিলায় সামাজিক দূরত্ব বজায় রাখার বিকল্প নেই। কিন্তু এটা করতে গিয়ে দিনমজুর ও প্রান্তিক জনগোষ্ঠীর আয়ের পথ বন্ধ। খাদ্য গ্রহণের পরিমাণ কমায় তাদের পুষ্টিহীনতা বাড়ছে। করোনার এ কালে কেউ যাতে অনাহারে মারা না যায়, তা নিশ্চিতে সরকারের জরুরি ত্রাণ সহায়তা সঠিক মানুষের কাছে দ্রুততম সময়ে পৌঁছে দিতে সঠিক তালিকা প্রণয়ন এবং সহায়তা পৌঁছে দেওয়ার জন্য এনজিওগুলোর সহায়তা নেওয়ার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, মাঠ পর্যায়ের অভিজ্ঞতা হচ্ছে, অনেক মানুষ সরকারি সহায়তা পাচ্ছেন না। সরকারি সহায়তা প্রদানের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র চাওয়া হচ্ছে। কিন্তু ভাসমান অনেক মানুষের কাছে তা না থাকায় সরকারি সহায়তা থেকে বঞ্চিত হচ্ছেন।

পৃষ্ঠা ২ : কলাম ৫

এনজিও সহায়তা

[তৃতীয় পৃষ্ঠার পর]

